গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.probashi.gov.bd

প্রেস রিলিজ

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রবাসীদের কল্যাণে "প্রবাসী কার্ড" বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ও অগ্রাধিকার কর্মপরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। ইতোমধ্যেই প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক যুগান্তকারী পদক্ষেপ "প্রবাসী কার্ড" প্রবর্তনে প্রস্তুতির চূড়ান্ত পর্যায়ে রয়েছে। কার্ডটি এখনও আনুষ্ঠানিকভাবে চালু করা হয়নি এবং এ সংক্রান্ত আবেদন কার্যক্রমও শুরু হয়নি। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, দেশে-বিদেশে কিছু অসাধু ব্যক্তি ও দালাল চক্র প্রবাসী বাংলাদেশিদের কাছে প্রবাসী কার্ডের নামে বিভিন্ন মিথ্যা তথ্য, বিশেষ করে তথাকথিত পেনশন সুবিধা ও দ্রুত কার্ড প্রদান করার প্রলোভন দেখিয়ে অর্থ আদায়ের চেষ্টা করছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এ ধরনের প্রতারণামূলক কর্মকাণ্ড থেকে সকলকে সতর্ক থাকার আহ্বান জানাচ্ছে। প্রবাসী কার্ড চালু হলে আবেদন পদ্ধতি, যোগ্যতা এবং সুবিধাসমূহ সম্পর্কে সরকারি গণমাধ্যম, মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও অফিসিয়াল সামাজিক যোগাযোগ মাধ্যমে আনুষ্ঠানিকভাবে জানানো হবে। কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা মধ্যস্থতাকারীকে প্রবাসী কার্ডের নামে অর্থ প্রদান না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। প্রতারণার শিকার হলে বা এ ধরনের কোনো তথ্য পেলে নিকটস্থ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অথবা সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষকে অবহিত করার জন্য আহ্বান জানানো হচ্ছে। প্রবাসীদের কষ্টার্জিত অর্থ ও স্বার্থ রক্ষায় সচেতন থাকুন, প্রতারণা প্রতিরোধে সহযোগিতা করুন। প্রয়োজনে যোগাযোগ: (১) জনাব মো: জসীম উদ্দিন (উপসচিব), মোবাইল: ০১৭১২-৮৭০৯৬৮, ইমেইল: dsservice@probashi.gov.bd (২) জনাব মো. মাহবুবুল ইসলাম, মন্ত্রীর সহকারী একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), মোবাইল: ০১৩৩১-১১৬৬০০, ইমেইল: aps2minister@probashi.gov.bd।

Sharif

মোঃ শরীফুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়